

০৮ ফেব্রুয়ারী ২০২৪

প্রেস রিলিজ

মেক্সিকোস্ সিটি বাংলাদেশ দূতাবাস এবং ক্লাস্ট্রো ডে সরল্য়ানা বিশ্ববিদ্যালয়ের সম্মিলিত উদ্যোগে ৮ ই ফেব্রুয়ারি ২০২৪ তারিখে "সোনার বাংলা" শীর্ষক প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল, যা ছিল বাংলাদেশের ঐতিহ্য এবং শিল্পেরই এক উদযাপন।

উক্ত বিশ্ববিদ্যালয়ের ডিন কার্মেন বিয়াদ্রিজ লোপেজ পোর্তিয়ো রোমানো, প্রখ্যাত চিত্রশিল্পী মার্গারিটা চাকন বাচে সহ আমন্ত্রিত অতিথিবর্গ, স্থানীয় বিশিষ্ট ব্যক্তিত্ব, এবং ক্লাস্ট্রো মিউজিয়ামের কর্মকর্তা এবং শিক্ষার্থীগণ প্রদর্শনীতে উপস্থিত ছিলেন। মেক্সিকোতে অবস্থিত সার্বিয়া, ইরাক, ভেনিজুয়েলা, স্পেন, স্লোভাকিয়া, কাতার, ভারত, সৌদি আরব, আলজেরিয়া, হন্ডুরাস, গুয়াতেমালা, এবং ডমেনিকান প্রজাতন্ত্রের রাষ্ট্রদূত এবং কূটনৈতিক প্রতিনিধিগণও এই প্রদর্শনীতে অংশগ্রহণ করেন।

উক্ত প্রদর্শনীতে কালিদাস কর্মকার (মৃত), ডক্টর ফারিদা জামান, নিসার হোসেন, রেজাউন নবী, মোস্তাফিজুল হক, আহমেদ শামসুদোহা, শেখ আফজাল হোসেন, মাহফুজুর রহমান, মোঃ মনিরুজ্জামান, মোঃ রাশেদুল হুদা সরকার, সঞ্জীব দাস অপু, রুকসানা সাইদা আকতার পপি, মোঃ জাহির হোসেন, শামসুল আলম ইন্নান, রুবিনা নাগিস, মোঃ জহির উদ্দিন, শাহনাজ সুলতানা, রিফাত জাহান কান্তা, মোহাম্মদ কামাল উদ্দিন, সারা তুনে, রাশেদ সুখন, এম এম মাইজুদ্দিন, আবুল কালাম শামসুদ্দীন, আব্দুস শাকুর শাহ, আব্দুল মান্নান, আবিদা ইসলাম, সৈয়দ আবুল বরক আলভী, নায়িমা হক, মোহাম্মদ ইউনুস, এবং রাকিব হাসান সহ তিরিশজন প্রতিষ্ঠিত এবং উদীয়মান বাংলাদেশী চিত্রশিল্পীদের কাজ উপস্থাপন করা হয়।

ডিন কার্মেন বিয়াদ্রিজ লোপেজ পোর্তিলো রোমানো তার বক্তব্যে বাংলাদেশের এসকল শিল্পীদের শিল্পকর্মের প্রশংসা করেন এবং মেক্সিকো সিটিস্থ বাংলাদেশ দূতাবাসের এই উদ্যোগকে স্বাগত জানান। এই ধরনের সাংস্কৃতিক বিনিময় মেক্সিকো এবং বাংলাদেশ মধ্যকার বন্ধুত্বের বন্ধনকে এক নতুন উচ্চতায় নিয়ে যাবে মর্মে তিনি আশা প্রকাশ করেন।

রাষ্ট্রদূত আবিদা ইসলাম তার বক্তব্যে এই প্রদর্শনীর জন্য শিল্পকর্মগুলি সংগ্রহ এবং কিউরেট করবার জন্য ক্লাস্ট্রো ডে সরল্য়ানা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এবং ঢাকাস্থ 'গ্যালারী চিত্রক'-এর নির্বাহী পরিচালক মোঃ মনিরুজ্জামানকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো বলেন যে, এই বৈচিত্র্যময় প্রদর্শনী বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতি, লোক কাহিনী ও গ্রামীণ ঐতিহ্যকে উপস্থাপনের মধ্য দিয়ে একটি জাতির নির্যাসকে তুলে ধরেছে।

উদ্বোধনী বক্তব্যের পর উপস্থিত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ এবং কূটনৈতিক প্রতিনিধিগণ ফিতা কেটে এই প্রদর্শনীর অনুষ্ঠানিক উদ্বোধন করেন।

পরবর্তিতে, মার্গারিটা চাকন সকল আমন্ত্রিতদের প্রদর্শনীটি ঘুরে দেখান এবং প্রদর্শিত শিল্প কর্মসমূহের কৌশল ব্যাখ্যা করেন। আগত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

আগামী ২১ মার্চ ২০২৪ পর্যন্ত "সোনার বাংলা" চিত্র প্রদর্শনীটি মেক্সিকোর প্রসিদ্ধ ক্লাস্ট্রো ডে সরল্য়ানা বিশ্ববিদ্যালয়ে সকলের জন্য উন্মুক্ত থাকবে।

